তারিখ ...2 [illegible] ...
পৃষ্ঠা ২ ... কলাম ৬ ...

কালের কণ্ঠ



বানারীপাড়ায় উপনির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর সভায় স্কুল শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

# নির্বাচনী সভায় থাকতে বাধ্য হলো শিক্ষার্থীরা

**মঈনুল ইসলাম সবুজ, বরিশাল ▷**

বরিশালের বানারীপাড়া উপজেলার পরিষদের উপনির্বাচনে প্রার্থীর প্রচারণা সভায় স্কুল শিক্ষার্থীদের থাকতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ জন্য নির্ধারিত সময়ে প্রায় দুই ঘণ্টা আগে স্কুল ছুটি দেওয়া হয়। গত বৃহস্পতিবার বিকেল ৩টার দিকে চাউলাকাঠি গ্রামের এম এ রব মাধ্যমিক বিদ্যালয়ে মাঠে এ ঘটনা ঘটে। আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থী গোলাম ফারুকের পক্ষে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে জেলা ও উপজেলা আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিল।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে উপজেলার সলিয়া বাকপুর ইউনিয়নের এম এ রব মাধ্যমিক বিদ্যালয় মাঠে আওয়ামী লীগ প্রার্থী গোলাম ফারুকের নির্বাচনী সভা ডাকা হয়। আর সভায় শিক্ষকসহ স্কুলের শিক্ষার্থীদের সভায় উপস্থিত থাকার জন্য বাধ্য করা হয়। ফলে দুপুর ১টা থেকে সন্ধ্যা ৬টায় পর্যন্ত শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

নাম প্রকাশ না করার শর্তে ওই বিদ্যালয়ের এক সহকারী শিক্ষক জানান, আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থীর সভা উপলক্ষে দুপুর ১টার মধ্যে স্কুল ছুটির সিদ্ধান্ত এক দিন আগেই হয়েছিল। স্কুল কমিটির সভাপতির কথা অনুযায়ী শিক্ষার্থীদের জনসভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ দেওয়া হয়।

সভায় উপস্থিত সপ্তম ও নবম শ্রেণির কয়েকজন ছাত্রী নাম প্রকাশ না করার শর্তে বলে, 'স্যারেরা আওয়ামী লীগের চেয়ারম্যান প্রার্থীর সভায় উপস্থিত থাকতে বলেছিলেন। তাঁদের কথামতো আমরা ওই সভায় যোগদান করি।'

এম এ রব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলমগীর হোসেন বলেন, 'আমি এসএসসি পরীক্ষার কেন্দ্রে দায়িত্ব পালন করছিলাম। দায়িত্বে ছিলেন সহকারী প্রধান শিক্ষক। শিক্ষার্থীদের কে বা কারা নির্বাচনী সভায় উপস্থিত থাকতে বলেছে তা আমার জানা নেই।'

সহকারী প্রধান শিক্ষক মো. আব্দুল হালিম বলেন, 'স্কুল সভাপতির অনুরোধে আড়াইটার স্থলে দুপুর ১টার সময়ে বিদ্যালয় ছুটি দেওয়া হয়েছে। তাঁর নির্দেশে শিক্ষার্থীদের সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়েছিল।'

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও কৃষক লীগ বানারীপাড়া উপজেলা শাখার সভাপতি আব্দুল মালেক হালদার বলেন, 'এলাকা বিদ্যালয় ও বিদ্যালয়ের আশপাশ এলাকার সড়ক উন্নয়নের জন্য স্কুল শিক্ষার্থীদের কিছু দাবিদাওয়া ছিল চেয়ারম্যান প্রার্থী গোলাম ফারুকের কাছে। সেই দাবিগুলো জানানোর জন্য শিক্ষার্থীদের এ সভায় আসতে বলা হয়েছিল। তবে কোনো শিক্ষার্থীকে সভায় উপস্থিত থাকতে বাধ্য করা হয়নি।'

নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম সালেহ মঞ্জু মোল্লা কালের কণ্ঠকে বলেন, 'আচরণবিধি মেনেই ওই বিদ্যালয় মাঠে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে বিদ্যালয় কর্তৃপক্ষ যদি শিক্ষার্থীদের রেখে দেয় সেটা তাদের বিষয়।'

সুশাসনের জন্য নাগরিক (সুজন) বরিশাল জেলা কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আক্কাস হোসেন বলেন, 'আইনে যাই থাকুন না কেন, যাদের ভোট দেওয়ার বয়স হয়নি তাদের নির্বাচনী সভায় অংশগ্রহণ করানো কোনোভাবেই ঠিক নয়।'

বরিশাল জেলার নির্বাচন অফিসার (চলতি দায়িত্ব) মো. আরিফুর রহমান বলেন, 'আচরণবিধিতে স্কুল মাঠ কিংবা প্রতিষ্ঠানের আসবাব ব্যবহারসংক্রান্ত বিষয়ে স্পষ্ট কোনো নির্দেশনা নেই। তবে বিদ্যালয়ের শিক্ষার্থীরা ভোটার নয়, তাই তাদের প্রচারকাজের জন্য বাধ্য করা বিধিবহির্ভূত কাজ।'

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শহিদুল ইসলাম বলেন, 'বিষয়টি আমার জানা নেই। খোঁজ নিয়ে মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হবে।'